

পরিবেশ অধিদপ্তর  
পঞ্চগড় জেলা কার্যালয়  
ইসলামবাগ, পঞ্চগড় সদর, পঞ্চগড়  
www.doe.gov.bd

পাথর ক্রাশিং এর ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক

স্টোন ক্রাশিং মেশিনের চিত্র

- স্টোন ক্রাশিং মেশিন স্থাপনের জন্য স্থান নির্বাচন:  
নিম্নবর্ণিত এলাকাসমূহে স্টোন ক্রাশিং মেশিন স্থাপন করা যাবে না-  
ক. শহর, উপজেলা সদর, পৌরসভা, গ্রোথ সেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান  
এবং হাসপাতালের ৫০০ মিটার এলাকার মধ্যে;  
খ. ধর্মীয় প্রতিষ্ঠান, বসত বাড়ির ১০০ মিটার এলাকার মধ্যে;  
গ. প্রধান সড়ক/মহাসড়কের ৫০ মিটার এলাকার মধ্যে;  
ঘ. জলাধার ভরাট করলে অথবা পানি প্রবাহে বাঁধাগ্রস্ত করলে;

- স্টোন ক্রাশিং এর ফলে নির্গত ধূলিকনা(Dust) নিয়ন্ত্রণের জন্য Dust Trapping Device স্থাপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তা সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে।
- স্টোন ক্রাশিং মেশিনের আশেপাশে প্রয়োজনীয় জলাধার সংরক্ষণ কিংবা পানি সরবরাহের ব্যবস্থা রাখতে হবে এবং ধূলাবালি নিয়ন্ত্রণে প্রয়োজন মত পানি ছিটাতে হবে।
- শব্দ দূষণ ও বায়ু দূষণ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অপরাধ

মহাপরিচালকের নিকট হতে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পরিবেশগত ছাড়পত্র গ্রহণ না করে কোন এলাকায় শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ করা যাবে না।

দন্ড

উক্ত আইনের ১৫ ধারা অনুযায়ী: পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প স্থাপন/পরিচালনা করলে-  
\*\*\*অন্যন ০২(দুই) বৎসর, অনধিক ০৫(পাঁচ) বৎসর কারাদন্ড বা অন্যন ০১(এক) লক্ষ টাকা, অনধিক ০৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবেন।

স্টোন ক্রাশিং মেশিন স্থাপন নীতিমালা, ২০০৬(সংশোধিত ২০১৫) অনুযায়ী:  
স্টোন ক্রাশিং মেশিন উচ্ছেদ করা হতে পারে।

বায়ু দূষণ(নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ অনুযায়ী:  
স্টোন ক্রাশিং থেকে নির্গত প্রলম্বিত বস্তুকণা(SPM) নির্ধারিত মানমাত্রা অতিক্রম করলে ও পরিবেশ অধিদপ্তর নির্দেশিত নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ না করলে-  
\*\*\*অনধিক ০২(দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা অনধিক ০২(দুই) বৎসর কারাদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবেন।  
\*\*\*ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে বর্ণিত দন্ড প্রদান করা হতে পারে।

আইন মেনে শিল্প গড়ি, দূষণ মুক্ত দেশ গড়ি